রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৫ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, এপ্রিল ২৩, ২০১৫**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৩—২৫৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫২৯—৫৩৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬০৫—৬০৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, পেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ মাঘ, ১৪২১/২৯ জানুয়ারি, ২০১৫

**নং ০৫.১৮৪.০২৭.০২.০০.০০২.২০১৪-৩১**—যেহেতু, জনাব মোঃ সাজেদুর রহমান (১৫৪৮০), প্রাক্তন উপজেলা নির্বাহী কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা বর্তমানে বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব গত ২৯-১২-২০১১ তারিখ হতে ২৬-৪-২০১৪ তারিখ পর্যন্ত জীবননগর উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন;

যেহেতু, উক্ত কর্মকালে কোন নিয়মনীতি না মেনে কোন পক্ষকে অবহিত না করে জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের সুটিয়া থেকে দত্তনগর সড়কের দুই পাশের প্রায় ৪০টি গাছ কর্তন করেন এবং ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার লক্ষ্যে উক্ত কর্তিত গাছের মধ্য হতে ১ (এক) লক্ষ টাকা মূল্যমানের শিশু গাছ নিজের আসবাবপত্র বানানোর জন্য নিপা ফার্নিচারের কাঠগোলায় রাখার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "দুর্নীতি" (Corruption)এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে তাঁকে কারণ দর্শানোর জন্য বলা হয়;

যেহেতু, তিনি ৭-৯-২০১৪ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ১২-১০-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনান্তে প্রকৃত তথ্য উদঘাটন ও ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে শেখ মোমেনা মণি, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত কর্মকর্তা ৬-১-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ সাজেদুর রহমান (১৫৪৮০), প্রাক্তন উপজেলা নির্বাহী কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা বর্তমানে বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "দুর্নীতি" (Corruption) এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ সাজেদুর রহমান (১৫৪৮০), প্রাক্তন উপজেলা নির্বাহী কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা বর্তমানে বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "দুর্নীতি" (Corruption) এর আনীত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৫) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৮ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

**নং অম/অবি/প্রঃ-২/বিঃমাঃ ৬/০৭/১০**—বি.সি.এস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তা জনাব এ.টি.এম. শাহজাহান, প্রাক্তন অতি. হিসাব মহা নিয়ন্ত্রক (প্রশাসন)-কে মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থানরত আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের জন্য ২৩-৭-০৬ হতে ২১-৮-০৬ তারিখ পর্যন্ত ১(এক) মাসের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। ছুটি শেষে তিনি কর্মস্থলে যোগদান না করে ছুটি বৃদ্ধির জন্য আবেদন করেন। কিন্তু আবেদনের সাথে বিদেশে অবস্থাকালীন ঠিকানা গোপন রাখেন এবং ছুটির আবেদন দাখিলের স্বপক্ষে কারণ বর্ণনা করেননি। ফলে তার আবেদন বিবেচনা করা হয়নি মর্মে অর্থ বিভাগের ৭-৯-০৬ তারিখে পত্রের মাধ্যমে তাকে অবহিত করা হয় এবং ছুটি চাওয়ার কারণ ও ঠিকানাসহ তথ্য প্রদানের জন্য বলা হয়;

২। যেহেতু, অর্থ বিভাগ কর্তৃক যাচিত তথ্যাদি তিনি প্রদান করেননি, উপরন্তু তিনি ২৩-১০-০৬ ও ২৪-১-০৭ তারিখের পত্রের মাধ্যমে পুনরায় ছুটি বৃদ্ধির আবেদন করেন, যা কর্তৃপক্ষের আদেশ অবমাননা এবং অসদাচরণের সামীল। এরূপ কার্যকলাপের জন্য অর্থ বিভাগ হতে গত ১৩-৫-০৭ তারিখের পত্রের মাধ্যমে তাকে কারণ দর্শানোর জন্য বলা হয়। কারণ দর্শানো নোটিশ বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয়। কিন্তু তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং কর্মস্থলেও যোগদান করেননি। কর্তৃপক্ষের নির্দেশ উপেক্ষা করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক কেন তাকে চাকুরি হতে বরখাস্ত করা হবেনা তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও দাখিলকৃত জবাবে উল্লেখ করার জন্য ১ম কারণ দর্শানোর নোটিশের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। তার পরিপ্রেক্ষিতে পারিবারিক অসুবিধার কারণ দেখিয়ে তিনি ১২-১২-২০০৭ তারিখে ডাকযোগে সিএন্ডএজি বরাবর চাকুরি হতে ইস্তফাপত্র প্রেরণ করেন। কিন্তু তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু হওয়ায় দাখিলকৃত ইস্তফাপত্র গ্রহণ করা হয়নি;

৩। যেহেতু, জনাব এ.টি.এম. শাহজাহান নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করেননি বিধায় সংশ্লিষ্ট বিধি মোতাবেক বিভাগীয় মামলা তদন্ত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব জনাব বিমান বিহারী বড়ুয়া-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদারচণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীভাবে প্রমাণিত হওয়ায় তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করেন। তার প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তাকে বিধি মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং নোটিশ জারির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়। কিন্তু তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি বা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি;

৪। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে অসদারচণ (Misconduct) এবং পলায়ন (Desertion) এর অভিযোগে অভিযুক্ত করে উক্ত বিধিমালার ৪(৩)ডি মোতাবেক গুরুদণ্ড আরোপের লক্ষ্যে The Bangladesh Public service Commission (Consultation) Regulations, ১৯৭৯ এর ৬নং বিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত গ্রহণ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

৫। যেহেতু, জনাব এ.টি.এম. শাহজাহানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত ক্রমে উক্ত বিধিমালার ৪(৩)ডি মোতাবেক সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি প্রদান করেছেন;

৬। সেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তা জনাব এ.টি.এম. শাহজাহান-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি বর্ণিত অপরাধে দোষী সাব্যস্ত হওয়ায় একই বিধিমালার ৪(৩)ডি বিধি বর্ণিত গুরুদণ্ড অর্থাৎ তাকে ২২-৮-২০০৬ তারিখ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুব আহমেদ**
সিনিয়র সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ৩৩৪/২০১৫/শুল্ক**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-II এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

**মুহাম্মদ ইমতিয়াজ হাসান**
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখঃ ১৩ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-৫৯/২০১৩-১৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মিঠন কুমার নাথ, পিতা সুভাষ চন্দ্র নাথ, মাতা গীতা রানী দেবী, গ্রাম আমিরাবাদ, ডাকঘর ও উপজেলা সীতাকুন্ড, জেলা চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মাদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখঃ ২২ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-৬৮/২০১৩-৩৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুক্তি রানী পাল, পিতা গনেশ চন্দ্র পাল, মাতা মিনতী রানী পাল, গ্রাম মিরপুর পালপাড়া, ডাকঘর মিরপুর, থানা মিরপুর, জেলা কুষ্টিয়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২১ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-১০১/২০১৩(অংশ)-৬২৭**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুবিমল চক্রবর্তী, পিতা সমরেন্দ্র নারায়ন চক্রবর্তী, মাতা নমিতা চক্রবর্তী, গ্রাম ২৪ পুরবী, হাছননগর, ডাকঘর পৌর এলাকা সুনামগঞ্জ, উপজেলা সদর, জেলা সুনামগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।